



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
বিদ্যুৎ, জ্বালানি ও খনিজ সম্পদ মন্ত্রণালয়  
বাংলাদেশ ভূতাত্ত্বিক জরিপ অধিদপ্তর  
ইনোভেশন টিম



জিএসবির ২০২১-২০২২ অর্থবছরের উদ্ভাবন কর্মপরিকল্পনা বাস্তবায়ন সংক্রান্ত ২য় সভার কার্যবিবরণী।

সভাপতি	সালমা আক্তার পরিচালক (ভূতত্ত্ব)
সভার তারিখ	২৬ সেপ্টেম্বর, ২০২১
সভার সময়	বেলা ১১:০০ ঘটিকা
স্থান	ভূতত্ত্ব ভবনের চতুর্থ তলার সম্মেলন কক্ষ
উপস্থিতি	সংযুক্তি

#### আলোচ্য বিষয়

ই-গভর্ন্যান্স ও উদ্ভাবন কর্মপরিকল্পনা বাস্তবায়ন ও মূল্যায়ন নির্দেশিকা ২০২১-২০২২ মন্ত্রণালয়/ বিভাগ পর্যায়ের অফিসের জন্য

- ১। অনুচ্ছেদ ১.১
- ২। অনুচ্ছেদ ১.৩
- ৩। অনুচ্ছেদ ১.৬.১
- ৪। অনুচ্ছেদ ২.২.১
- ৫। অনুচ্ছেদ ২.২.৫

#### আলোচনা

সভার সভাপতি মহোদয় উপস্থিত সবাইকে স্বাগত জানিয়ে সভার কার্যক্রম শুরু করেন। সভাপতি প্রথমেই ইনোভেশন টিমের বিগত বছরের উদ্ভাবন কর্মপরিকল্পনা ও সিদ্ধান্ত বাস্তবায়ন অগ্রগতি সম্পর্কে জানতে চান। পূর্বের সদস্য সচিব ও বর্তমান কমিটির বিকল্প ফোকাল পয়েন্ট জনাব মোঃ মহি উদ্দিন, সহকারী পরিচালক (ভূতত্ত্ব) সভাপতি মহোদয়ের অনুমতিক্রমে ইনোভেশন টিমের পূর্বের সিদ্ধান্ত বাস্তবায়ন অগ্রগতি উপস্থাপন করেন।

০১। সভায় উল্লেখ করা হয় যে, ই-গভর্ন্যান্স ও উদ্ভাবন কর্মপরিকল্পনা ২০২১-২০২২ এর কার্যক্রম ১.১ এ একটি উদ্ভাবনী ধারণা বাস্তবায়নের লক্ষ্যমাত্রা রয়েছে। এ বিষয়ে সভার সভাপতি ১৬/০৩/২০২২ তারিখের মধ্যে একটি উদ্ভাবনী ধারণা বাস্তবায়নের ব্যাপারে গুরুত্ব আরোপ করেন।

০২। সভাপতির অনুমতিক্রমে জনাব মোহাম্মদ মোস্তাফিজুর রহমান, লাইব্রেরিয়ান কে সভায় আমন্ত্রণ জানিয়ে তার সেবা ডিজিটাইজেশন আইডিয়া সম্পর্কে শোনা হয়। জনাব মোঃ সোহেল রানা, উপ-পরিচালক (ভূতত্ত্ব) ও জনাব মোহাম্মদ জহির উদ্দিন উপ-পরিচালক (ভূপদার্থ) ৩০/১২/২০২১ তারিখের মধ্যে এটি বাস্তবায়নের ব্যাপারে সভায় আলোকপাত করেন।

০৩। ই-গভর্ন্যান্স ও উদ্ভাবন কর্মপরিকল্পনা বাস্তবায়ন ও মূল্যায়ন নির্দেশিকা ২০২১-২০২২ এর কার্যক্রম ১.৬.১ এ ৪র্থ শিল্প বিপ্লবের চ্যালেন্জ মোকাবিলায় করণীয় বিষয়ে একটি সেমিনার অক্টোবর এর ৩য় সপ্তাহে আয়োজনের ব্যাপারে জনাব মোঃ রিয়াজুল ইসলাম উপ-পরিচালক (রসায়ন) ও জনাব মঈন উদ্দিন আহমেদ, উপ-পরিচালক (খনন প্রকৌ.) মতামত দেন।

০৪। ইনোভেশন টিমের সদস্য সচিব জনাব মোঃ আহসান হাবিব, সহকারী পরিচালক (ভূতত্ত্ব) ই-গভর্ন্যান্স ও উদ্ভাবন কর্মপরিকল্পনা বাস্তবায়ন ও মূল্যায়ন নির্দেশিকা ২০২১-২০২২ এর কার্যক্রম ২.২.১ এ কর্মপরিকল্পনা বাস্তবায়ন সংক্রান্ত


প্রশিক্ষণ যেহেতু ৪টি আয়োজন করতে হবে সেহেতু অক্টোবর এর ১ম সপ্তাহে আয়োজনের ব্যাপারে গুরুত্ব তুলে ধরেন।  
০৫। ই-গভর্ন্যান্স ও উদ্ভাবন কর্মপরিকল্পনা ২০২১-২০২২ এর কার্যক্রম ২.২.৫ এ দেশে/বিদেশে বাস্তবায়িত ন্যূনতম একটি উদ্যোগ পরিদর্শনের জন্য বিভিন্ন দপ্তর/সংস্থার সাথে গুরুত্বের সাথে যোগাযোগ করতে জনাব মোঃ সোহেল রানা, উপ-পরিচালক (ভূতত্ত্ব) ও জনাব মোহাম্মদ জহির উদ্দিন উপ-পরিচালক (ভূপদার্থ) কে সভাপতি, ইনোভেশন টিম নির্দেশনা দেন এবং পাশাপাশি কমিটির অন্য সদস্যবৃন্দকে ও এ ব্যাপারে খোজ খবর রাখতে বলেন।

সিদ্ধান্ত

সভায় বিস্তারিত আলোচনা শেষে নিম্নরূপ সিদ্ধান্ত গৃহীত হয়।

ক্র. নং.	ই-গভর্ন্যান্স ও উদ্ভাবন কর্মপরিকল্পনা বাস্তবায়ন ও মূল্যায়ন নির্দেশিকা ২০২১-২০২২ মন্ত্রণালয়/বিভাগ পর্যায়ের অফিসের জন্য	সিদ্ধান্ত
১।	অনুচ্ছেদ ১.১: উদ্ভাবনী ধারণা বাস্তবায়ন	১৬/০৩/২০২২ তারিখের মধ্যে একটি উদ্ভাবনী ধারণা বাস্তবায়ন।
২।	অনুচ্ছেদ ১.৩: সেবা ডিজিটাইজেশন	৩০/১২/২০২১ তারিখের মধ্যে একটি সেবা ডিজিটাইজেশন
৩।	অনুচ্ছেদ ১.৬.১: ৪র্থ শিল্প বিপ্লবের চ্যালেঞ্জ মোকাবিলায় করণীয় বিষয়ে অবহিতকরণ সভা/কর্মশালা আয়োজন	অক্টোবর মাসে এ একটি সভা/ কর্মশালা আয়োজন
৪।	অনুচ্ছেদ ২.২.১: কর্মপরিকল্পনা বাস্তবায়ন সংক্রান্ত প্রশিক্ষণ	অক্টোবর মাসে এ সংক্রান্ত একটি প্রশিক্ষণ আয়োজন
৫।	অনুচ্ছেদ ২.২.৫: দেশে/বিদেশে বাস্তবায়িত ন্যূনতম একটি উদ্যোগ পরিদর্শনকৃত	বিভিন্ন দপ্তর/সংস্থার সাথে যোগাযোগ জনাব মোঃ সোহেল রানা, উপ-পরিচালক (ভূতত্ত্ব) ও জনাব মোহাম্মদ জহির উদ্দিন উপ-পরিচালক (ভূপদার্থ)এ ব্যাপারে যোগাযোগ করবেন

০৬। সভায় আর কোন আলোচনা না থাকায় উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভাপতি মহোদয় সভার সমাপ্তি ঘোষণা করেন।



সালমা আক্তার  
পরিচালক (ভূতত্ত্ব)

স্মারক নম্বর: ২৮.০৫.০০০০.৩০০.৫০.০৬৩.১৯.১৫

তারিখ: ২১ আশ্বিন ১৪২৮

০৬ অক্টোবর ২০২১

বিতরণ (জ্যেষ্ঠতার

ক্রমানুসারে নয়) :

- ১) পরিচালক (ভূতত্ত্ব) , পরিবেশ ভূতত্ত্ব ও প্রাকৃতিক দুর্যোগ শাখা, বাংলাদেশ ভূতাত্ত্বিক জরিপ অধিদপ্তর
- ২) উপ-পরিচালক (ভূতত্ত্ব)-১ , ভূ-রসায়ন ও পানি সম্পদ শাখা, বাংলাদেশ ভূতাত্ত্বিক জরিপ অধিদপ্তর
- ৩) উপ-পরিচালক (ভূতত্ত্ব) -৩, অর্থনৈতিক ভূতত্ত্ব ও রিসোর্স এ্যাসেসমেন্ট শাখা, বাংলাদেশ ভূতাত্ত্বিক জরিপ অধিদপ্তর
- ৪) উপ-পরিচালক (ভূপদার্থ)-২ , অভিকর্ষীয় ও চুম্বকীয় জরিপ শাখা, বাংলাদেশ ভূতাত্ত্বিক জরিপ অধিদপ্তর
- ৫) উপ-পরিচালক (রসায়ন)-১ , বৈশ্লেষিক রসায়ন শাখা, বাংলাদেশ ভূতাত্ত্বিক জরিপ অধিদপ্তর
- ৬) উপ-পরিচালক (ড্রিলিং)-৩, ড্রিলিং প্রকৌশল শাখা, বাংলাদেশ ভূতাত্ত্বিক জরিপ অধিদপ্তর
- ৭) সহকারী পরিচালক (ভূতত্ত্ব)-৫ , ভূতাত্ত্বিক মানচিত্রায়ন ও কোয়ার্টারনারী ভূতত্ত্ব শাখা, বাংলাদেশ ভূতাত্ত্বিক জরিপ অধিদপ্তর
- ৮) সহকারী পরিচালক (ভূতত্ত্ব)-২ , পরিবেশ ভূতত্ত্ব ও প্রাকৃতিক দুর্যোগ শাখা, বাংলাদেশ ভূতাত্ত্বিক জরিপ অধিদপ্তর
- ৯) উচ্চমান সহকারী, মহাপরিচালকের দপ্তর , বাংলাদেশ ভূতাত্ত্বিক জরিপ অধিদপ্তর

*Hakib*

মো: আহসান হাবিব  
সহকারী পরিচালক (ভূতত্ত্ব) ও সদস্য সচিব,  
ইনোভেশন টিম